



ডিআইআইটির ছাত্রছাত্রীদের ওরিয়েন্টেশন অনুষ্ঠান

ডিআইআইটির ছাত্রছাত্রীদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম

ডেফোডিল ইনস্টিটিউট অব আইটি (ডিআইআইটি) এর ধানমন্ডিস্থ মূল ক্যাম্পাসে ১১ এপ্রিল অনুষ্ঠিত হয় এনসিসি (ইউকে)-এর অধীনে ইন্টারন্যাশনাল ডিপ্লোমা ইন কম্পিউটার স্টাডিস (আইডিসিএস)-এর ২০তম এবং ইন্টারন্যাশনাল এডভান্সড ডিপ্লোমা ইন কম্পিউটার স্টাডিস (আইএডিসিএস)-এর ১১তম ব্যাচের ছাত্রছাত্রীদের পরিচিতি অনুষ্ঠান। এই আইডিসিএস ও আইএডিসিএস কোর্সসমূহ ক্রমান্বয়ে লন্ডন গিল্ডহল ইউনিভার্সিটির (ইউকে) বিএসসি অনার্স ডিগ্রী ইন কম্পিউটিং এ্যান্ড ইনফরমেশন সিস্টেমস কোর্সের যথাক্রমে ১ম ও ২য় বর্ষ হিসাবে স্বীকৃত। ডিআইআইটির একাডেমিক ডিরেক্টর মোহাম্মদ নুরুজ্জামানের সভাপতিত্বে

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ডেফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর (প্রস্তাবিত) প্রফেসর ডঃ আমিনুল ইসলাম। এছাড়া বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ডিআইআইটির চীফ কোর্স কো-অর্ডিনেটর ডঃ মোঃ ফখরে হোসেন, কোর্স কো-অর্ডিনেটর মোঃ খালেদ সোহেল। প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর আমিনুল ইসলাম ডিআইআইটির এনসিসি শিক্ষা কার্যক্রমে সন্তোষ প্রকাশ করেন এবং সকলকে শুভেচ্ছা জানান ও জ্ঞানার্জনে সকলকে এগিয়ে আসার আহ্বান জানান। বিশেষ অতিথির বক্তব্যে অতিথিবৃন্দ উপস্থিত অভিভাবকদের ডিআইআইটির বিভিন্ন শিক্ষামূলক কর্মকাণ্ডের ধারণা দেন। অনুষ্ঠানের সভাপতি নুরুজ্জামান ডিআইআইটির বিভিন্ন নিয়ম কানুন ও শিক্ষা সংক্রান্ত নিয়ম কানুন সম্বন্ধে অভিভাবকদের অবহিত করেন।-প্রেস বিজ্ঞপ্তি।